# আগস্ট/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আনোয়ারুল ইসলাম<br>চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ<br>কাউনিয়া, রংপুর। |
| তারিখ | ঃ | ২৪/০৮/২০২৩খ্রি.। |
| সময় | ঃ | দুপুর ১২:০০ ঘটিকা । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ । |
| আলোচ্য মাস: | ঃ | জুলাই/২০২৩খ্রি. । |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "গ"

সভার শুরুতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ কমিটি মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর গত ১৩/০৭/২০২৩খ্রি. তারিখের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অত:পর সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্র:ম | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | স্থায়ী কমিটির নিয়মিত সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত : | স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা করা হয়। সভায় কোন বিভাগের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী দাখিল করেননি। | পরবর্তী সভায় স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীসহ উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। |
| ০২. | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা । | ইউনিয়ন কমিটির সভা সম্পর্কিত আলোচনা করা হলে সভার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ জানান ইউনিয়ন/ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়েছে কিন্তু কোন ইউপি থেকে সভার্ কার্যবিবরণী পাওয়া যায়নি। | আগামী সভায় ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী সহ উপস্থিত থাকার জন্য সকল চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। |
| ০৩. | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পেটা লের তথ্য হালনাগাদ করন: | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তারা জানান UDC গুলির কার্যক্রম সুষ্টুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি জন্য করার জন্য বলা হলো। |

বিভাগ ওয়ারি আলোচনা:

১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | জুলাই/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ডা:সাদিকাতুল তাহরিণ, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সদ্য এ উপজেলার যোগদান করেছেন। তিনি সভায় সকলের সাথে পরিচিতি হন এবং সকলের সহযোগিতা কামনা করেন। তিনি জানান যে, কাউনিয়া স্বাস্থ্য কমপ্লেক্সে লোডডিংএর কারণে রোগীদের সমস্যা হচ্ছে। তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার ও ডিজিএম পল্লী বিদ্যুৎ কাউনিয়ার সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান যে, কাউনিয়া হাসপাতালে ১৬ জন ডেঙ্গু রোগী ভর্তি ছিল বর্তমানে কোন ডেঙ্গু রোগী নেই। | আলোচনান্তে কাউনিয়া কাউনিা স্বাস্থ্য কমপ্লেক্সে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সংযোগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি-২ কে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান,উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, ও ডিজিএম, কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমি তি কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | জুলাই/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা কৃষি অফিসার বলেন যে,বর্তমানে জরিপ-২ মৌসুম চলমান। রোপা আমনের অর্জন ১১৫৭০ হে:মে:টন । সার সরবরাহ নিরবিচ্ছিন্ন রয়েছে। সামনে রবি মৌসুমে সারের অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন হলে চাহিদার ভিত্তিতে অতিরিক্ত বরাদ্দের চাহিদা পত্র পাঠানো হবে। কিছু ইউনিয়নে জলাবদ্ধতার কারনে আমন আবাদ বাধা গ্রস্ত হচ্ছে। এর সমাধান হওয়া প্রয়োজন। | আলোচনান্তে শহীদবাগের সান্দি ব্লক ও বালাপাড়ার পাঞ্জরভাঙ্গায় জলাবদ্ধতার বিষয়টি প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার , সহকারি কমিশনার (ভূমি চেয়ারম্যান, শহীদবাগ ইউপি, উপজেলা কৃষি কর্মকর্তা, ও অফিসার ইনচার্জ কাউনিয়া থানা, রংপুর |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | জুলাই/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রাণী সম্পদ অফিসার বলেন যে দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক আছে। উপজেলা উন্নয়ন তহবিল হতে প্রাপ্ত ২৫,০০০/= টাকা ভাউচারমূলে Lumpy Skin Disease রোগের জন্য ঔষধ ক্রয় করা হয় এবং খামারিদের মাঝে বিতরন করা হচ্ছে। ক্ষুরা রোগ প্রতিরোধে রাজস্ব তহবিল হতে ভ্যাকসিন ক্রয়ের জন্য অনুরোধ করা হয়। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলার ক্ষুরা রোগ প্রতিরোধে ভ্যাকসিন ক্রয়ের জন্য উপজেলা উন্নয়ন তহবিল খাত হতে ১ম পর্যায়ে ২৫,০০০/-টাকা এবং ২য় পর্যায়ে ২৫,০০০/-টাকার মোট=৫০,০০০/-(পঞ্চাশ হাজার)টাকা উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার বরাবরে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | জুলাই/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, জুলাই মাসের ২৪ তারিখ থেকে ৩০ তারিখ পর্যন্ত সারাদেশের ন্যায় কাউনিয়া উপজেলায় জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপিত হয়েছে। আগামী আগষ্ট মাসে ২০২৩-২০২৪ রাজস্ব বাজেটের আওতায় বিভিন্ন জলাশয়ে পোনামাছ অবমুক্ত করা হবে। | বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:

| | | মাসের নাম | অস্থায়ী পদ্ধতি | | | দীর্ঘমেয়াদী পদ্ধতি | | স্থায়ী পদ্ধতি | | সর্বমোট | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | খাবার বড়ি | কনডম | ইনজেকটেবলস | IUD | ইমপ্লানন | পুরুষ | মহিলা | | |
| ৫. | জুলাই/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | জুলাই/২০২৩ | ৭০৯ | ৭৮ | ৫৬১ | ১২ | ৪৮ | ০১ | ০৭ | ১৪১৬ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর। |

১। করোনা দুর্যোগকালীন UH@FWC/ গুলোতে স্বাভাবিক সেবার সাথে সাথে করোনা প্রতিরোধে স্বাস্থ্য সচেতনতামূলক বিশেষ ব্যবস্থাসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।

১৬. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬। | জুলাই/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সুফলভোগী সদস্যদের প্রশিক্ষণ ও ঋণ বিতরন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। দল গঠণ ও সদস্য অন্তর্ভুক্তি চলমান রয়েছে। কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ ও সঞ্চয় জমা কার্যক্রম চলমান। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৭. কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি ঃ-

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭। | জুলাই/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | ডিজিএম কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, বর্তমানে বিদ্যুতের চাহিদা অনুযায়ী সবসময় বরাদ্ধ পাওয়া যাচ্ছেনা। এ জন্য অধিকাংশ সময় লোড ম্যানেজম্যান্ট ( লোড শেডিং ) এর মাধ্যমে বিদ্যুৎ বিতরন করা হচ্ছে । বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের জন্য সংশ্লিষ্ঠ দপ্তর প্রধান ও জনপ্রতিনিধিগনের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে বাণিজ্যিক/আবাসিক অফিস সমূহের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সকলকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা পল্লি বিদ্যুৎ সমিতি,/অফিসার ইনচার্জ কাউনিয়া, থানা রংপুর। |

১৮. আনসার ভিডিপি বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮। | জুলাই/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, তার দপ্তরে সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি অফিসার, কাউনিয়া, রংপুর। |

১। জনাব মোঃ আনছার আলী চেয়ারম্যান, ০৫নং বালাপাড়া ইউনিয়ন পরিষদ জানান যে, কাউনিয়া পল্লী বিদ্যুৎ ঘনঘন লোড শেডিং কারণে মানুষজনের গরমে অতিষ্ট হয়ে যাচ্ছে। তিনি আরো বলেন যে, বর্তমানে গরু-ছাগল, সাইকেল চুরির হিড়িক পড়েছে। তিনি বিদ্যুৎ বিভাগ লোডশেডিং কমানোর ব্যবস্থা এবং চুরি বন্ধ থেকে রোধ অফিসার ইনচার্জ কাউনিয়াকে তৎপর হবার জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্তঃ গরু-ছাগল, সাইকেলসহ যে কোন ধরণের চুরি রোধের জন্য ইউনিয়ন পর্যায়ে চৌকিদার পাহারা ব্যবস্থা স্ব-স্ব চেয়ারম্যান করবেন। অফিসার ইনচার্জ আইন শৃংখলা বাহিনী রাত্রি বেলায় টহলসহ চুরি দমনে সংক্রিয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। জনাব মোঃ রাশেদুল ইসলাম, চেয়ারম্যান, টেপামধুপুর ইউনিয়ন পরিষদ বলেন যে, জামতলীর হাটে মহিলা মার্কেট সুবিধাভোগীদের ভাড়া পাওয়া যাচ্ছে না। এছাড়া তিনি টেপামধুপুর হাটের সুপার মার্কেট কাজের অগ্রগতি বিষয়ে আলোচনা করেন। তিনি আরো বলেন যে, হাট-বাজারের রক্ষণাবেক্ষন ও উন্নয়ন মূলক কাজের টাকা ছাড় করণের অনুরোধ জানান।

সিদ্ধান্ত : জামতলীর হাটে মহিলা মার্কেট ভাড়া এবং হাট-বাজারের টাকা ১৪২৯ ও ১৪৩০ বাংলাসনের প্রকল্প গ্রহণের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী ব্যবস্থা নিবেন।

২। জনাব মোঃ আব্দুল মজিদ, চেয়ারম্যান, কুর্শা ইউনিয়ন পরিষদ বলেন যে, তিনি তার ইউনিয়নে কর্মরত মহল্লাদের মধ্যে হতে ০১জন জ্যেষ্ঠ মহল্লাদার জনাব মোঃ আইয়ুব আলীকে দফাদার পদে পদোন্নতি দিয়ে পদ শুন্য হলে শুন্যপদে ০১জন চৌকিদার নিয়োগ দানে ইতোপূর্বে সিদ্ধান্ত গৃহীত হলেও পদোন্নতি কাজটি হয়নি। তিনি সভায় ০১জন মহল্লাদারকে দফাদার পদে পদোন্নতি প্রদান করে শূণ্যপদে ০১জন মহল্লাদার নিয়োগের জন্য পূনঃরায় অনুরোধ করেন।

সিদ্ধান্ত : তার ইউনিয়নে জ্যেষ্ঠ মহল্লাদার জনাব মোঃ আইয়ুব আলীকে দফাদার পদে পদোন্নতি দিয়ে শূণ্যপদে ০১জন চৌকিদার নিয়োগের জন্য সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

বিবিধ :

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদ চত্বরে আনসার সদস্যদের জন্য ইতোপূর্বে ব্যারাক নির্মাণ করা হলেও পানির লাইন টিন দিয়ে ঘেরা,পানির ট্যাংকি ও বিদ্যুৎ লাইনের জন্য গত সভায় আলোচনা হয়েছে। রাজস্ব তহবিল হতে ব্যয়ভার বদলে উপজেলা উন্নয়ন তহবিল হতে আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | সভায় এবিষয়ে আলোচনান্তে আনসার সদস্যদের ব্যারাকের কাজ গত সভায় আলোচনা রাজস্ব তহবিল (বাসাবাড়ি)খাত পরিবর্তে উপজেলা উন্নয়ন তহবিল হতে আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার ও মহিলা ভাইস চেয়ারম্যান |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে,উপজেলা পরিষদ ভবনে নিচতলা থেকে ৪র্থ তলার সরকারি কাজের সুবিধার্থে ইন্টারকম স্থাপন করা প্রয়োজন। তিনি সভায় সিদ্ধান্তের জন্য পেশ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারী, উপজেলা প্রকৌশলী অফিস, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়সহ মোট ১২ টি ইন্টারকম স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। ইন্টারকম স্থাপনের ব্যয় যথাযথভাবে ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক ভাউচারমূলে উপজেলা পরিষদ, রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী,কাউনিয়া, রংপুর। |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা সেচ কমিটির গত ১৬/০৮/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় যাচাই-বাছাইপূর্বক ৮৫(পঁচাশি) জনের (পরিশিষ্ট-গ) সেচ লাইসেন্স প্রদানের জন্য অনুমোদিত হয়েছে। অনুমোদিত ৮৫ জনের তালিকা অনুমোদনের জন্য সভায় পেশ করেন। | এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সেচ কমিটির গত ১৬/০৮/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় ৮৫ জনের সেচ লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। যা পরিশিষ্ট 'গ' এ সন্নিবেশিত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার , কাউনিয়া, রংপুর |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ও সভাপতি উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা কাউনিয়া, রংপুর অদ্যকার সভায় আলোচ্য বিষয় সমূহের গুরুত্বপূর্ণদিক সমূহ বিস্তারিত পর্যালোচনা করেন। সরকারী বিধি-বিধান অনুসরণ করে উন্নয়ন মূলক কর্মকান্ডে সকলকে সুষ্ঠুভাবে কাজ করার পরামর্শ প্রদান করেন। এছাড়া সকল জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তাগণকে উন্নয়নমূলক কার্যক্রম সমূহ উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন)বিধিমালা আলোকে সভায় উপস্থাপন করার অনুরোধ জানিয়ে আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/৮/২৩

(আনোয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২০- ৭৬৫/১ (৫০) তারিখঃ ১৮/০৯/২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২২ রংপুর-৪(কাউনিয়া-পীরগাছা)।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
১০। মেয়র,হারাগাছ পৌরসভা, হারাগাছ কাউনিয়া, রংপুর।
১১। চেয়ারম্যান, ............................................................ (সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
১২। উপজেলা ............................................................ অফিসার, কাউনিয়া, রংপুর।
১৩। অফিস কপি।

MHaque
১৮/৯/২৩
(মোঃ মহিদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন- ০৫২২৪-৫৬০০১
unokaunia@mopa.gov.bd